৩১ আগস্ট, ২০২৫

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর বহিরাগত হামলা, আহত অনেকে



সংগৃহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালিয়েছে একদল বহিরাগত। রোববার (৩১ আগস্ট) রাত পৌনে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনের সামনে এই ঘটনা ঘটে। এ সময় বেশ কয়েকটি ককটেল বিস্ফোরণের শব্দও শোনা যায়, যা ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে দেয়। প্রত্যক্ষদর্শীরা জানান, আন্দোলনরত শিক্ষার্থীরা যখন স্থানীয় প্রশাসনের সঙ্গে তাদের দাবি নিয়ে আলোচনায় বসছিলেন, তখনই এই হামলা চালানো হয়। হামলার পরপরই বিশ্ববিদ্যালয়ের সব হলের শিক্ষার্থীরা প্রতিবাদে রাস্তায় নেমে আসেন। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী অভিযোগ করে বলেন, "যৌক্তিক দাবি চাওয়ার কারণে প্রশাসন বহিরাগতদের ব্যবহার করে আমাদের ওপর হামলা চালিয়েছে, যা একটি ফ্যাসিবাদী আচরণেরই প্রতিফলন।" হামলায় মেয়ে শিক্ষার্থীসহ বেশ কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে।

এর আগে, রোববার বেলা ১১টায় কম্বাইন্ড ডিগ্রি বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নিতে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে একাডেমিক কাউন্সিলের জরুরি সভা শুরু হয়। সকাল ৯টা থেকেই পশুপালন ও ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা মিলনায়তনের চারপাশে জড়ো হন। তাদের প্রধান স্লোগান ছিল 'এক পেশায় এক ডিগ্রি, কম্বাইন্ড ডিগ্রি'। দুপুর দেড়টার দিকে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত তাদের প্রত্যাশামতো না হওয়ায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা উপাচার্যসহ ২২৭ জন শিক্ষককে মিলনায়তনে অবরুদ্ধ করে তালা ঝুলিয়ে দেন। এই ঘটনার পরই শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনাটি ঘটে।